

বাংলাদেশ দূতাবাস এথেন্স, গ্রীস

২২ চৈত্র ১৪২৩
০৫ এপ্রিল ২০১৭

❧ বিজ্ঞপ্তি ❧

বাংলা ১৪২৪ বর্ষবরণ অনুষ্ঠান উদ্ব্যাপনের লক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, এথেন্স আগামী শনিবার, ০২ বৈশাখ ১৪২৪(১৫ই এপ্রিল ২০১৭) তারিখে দূতাবাস প্রাঙ্গণে দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান ও বাংলাদেশি খাবার উৎসবের আয়োজন করেছে। গ্রীসে বসবাসরত সকল বাংলাদেশিদের সপরিবার, সবান্ধব উক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে। উক্ত বৈশাখী মেলায় র্যাফেল ড্র ও আকর্ষণীয় পুরস্কার রয়েছে।

খাবারের স্টল খোলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য দূতাবাসের ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ সোহেল রানা ও প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ জাকারিয়াস সাথে ৩০ চৈত্র ১৪২৩ (১৩ই এপ্রিল ২০১৭) তারিখের মধ্যে যোগাযোগ করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। দূতাবাসের স্টলসমূহ 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

সাংস্কৃতিক অনুষ্ঠান ও খাদ্য উৎসবের সময়সূচিঃ
সকাল ১০.০০ - বিকাল ৭.০০

যোগাযোগের ফোন নম্বরঃ

২১০-৬৭২০২৫৬, ২১০-৬৭৫২৫৭২

ধন্যবাদান্তে,
বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীস